মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০১৮ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **এপ্রিল ২০১৮** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২০ মে ২০১৮**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৩৭	২২৭	১১০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৭৪	৯০৩	২২৫
মোট	১,৬১১	১,১৩০	৩৩৫

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২২	২১	২৮	৩৯	১১০
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৪	৩৩	১৩৮	-	২২৫*
মোট	-	-	৭৬	৫৪	১৬৬	৩৯	৩৩৫

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	৩	৩	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২০-২১ এপ্রিল ২০১৮ তারিখ চট্টগ্রাম ও কক্সবাজার জেলা সফর করেন।	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	৪.৬৩ (৪২.৯১ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd phase	ডিপিএ: ১.১৫৪০	০.৪৩১৩ (৩৭.৩৭ শতাংশ)	-	-	জানুয়ারি ২০১৮ থেকে শুরু হয়েছে

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	০৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৫টি**	**৯২৬.০৭**	**০৪**	**-**	**২৫টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভুত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৬	৩	-	১	-	৫	১
দুর্নীতি দমন কমিশন-১১	-	-	-	-	১১	১২
মোট ১৭	৩	-	১	-	১৬	১৩

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
	১।	16^{th} Policy Planning & Management Course (PPMC)-শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ স্থান: সাভার, ঢাকা	০১-১২ এপ্রিল ২০১৮		**একজন** অতিরিক্ত সচিব (সমন্বয়)
মন্ত্রিপরিষদ বিভাগ	২।	'Seminar on Public Administration for Bangladesh' স্থান: চীন	০৯-২৯ এপ্রিল ২০১৮	মন্ত্রিপরিষদ বিভাগ	**চারজন** দুইজন উপসচিব ও দুইজন সিনিয়র সহকারি সচিব।
	৩।	সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের পবিত্র মক্কা-আল-মোকাররমা এবং মদিনা-আল-মনোয়ারায় বাড়ি/হোটেল ভবন ভাড়া সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য সৌদি আরবে গমন স্থান: সৌদি আরব	১০-২৫ এপ্রিল ২০১৮	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	**একজন** উপসচিব
	০৪	ক্রয় ব্যবস্থাপনা (Procurement Management)-শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ স্থান: রমনা, ঢাকা	০৭-২৪ এপ্রিল ২০১৮	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ	**একজন** সিনিয়র সহকারী সচিব
দুর্নীতি দমন কমিশন	১।	ফরেনসিক ইনভেস্টিগেশন	২৪ মার্চ হতে ০৫ এপ্রিল ২০১৮	সিআইডি	**২৫ জন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য ২০১৭-১৮ অর্থ-বছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: পাঁচজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ০২ এপ্রিল ২০১৮ তারিখে নিকার-এর ১১৫তম সভা অনুষ্ঠিত হয়। এ ছাড়া মন্ত্রিসভার দুটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২৭টি সিদ্ধান্ত গৃহীত হয়। ১৫টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জানুয়ারি-মার্চ ২০১৮ মেয়াদে মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়।

(৪) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(৫) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কাটিংগুলি ২৭টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৬) সমরপুস্তকের ১৩জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র ডায়েরি করে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়।

(৭) ১৯৯০ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের কার্যবিবরণীসহ সারসংক্ষেপ এবং বিজ্ঞপ্তিসমূহের মোট ১৬টি খণ্ড রেকর্ড বিজি প্রেস থেকে বই আকারে বাঁধাই করে নিয়ে আসা হয় এবং উক্ত রেকর্ডসমূহ স্থায়ীভাবে সংরক্ষণের জন্য ন্যাশনাল আরকাইভসে প্রেরণের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনের জন্য তাঁর নিকট সার-সংক্ষেপ প্রেরণ করা হয়।

(৮) WAR BOOK-1977-এর সংশোধিত হালনাগাদ সংস্করণ WAR BOOK-1977 (Revised in 2018)-এর খসড়া মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের পূর্বে ভেটিংয়ের নিমিত্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়।

(৯) ২০১৬ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের কার্যবিবরণী, বিজ্ঞপ্তি এবং সারসংক্ষেপসমূহের মোট ৪৩ খণ্ড রেকর্ড বই আকারে বাঁধাইয়ের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে প্রেরণ করা হয়।

(১০) ২৬ এপ্রিল ২০১৮ তারিখে বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ৩১টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(১১) সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট পুষ্টিমান উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম সমন্বয় বিষয়ক পরামর্শ সভা আয়োজন এবং এ বিষয়ে ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের সঙ্গে কারিগরি সহায়তা বিষয়ক আলোচনা করা হয়।

(১২) সামাজিক নিরাপত্তার বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যন/মেম্বারগণের জন্য প্রশিক্ষণ চাহিদা নির্ধারণের লক্ষ্যে পরিচালিত গবেষণা প্রতিবেদন মুদ্রণ করা হয়।

(১৩) সামাজিক নিরাপত্তা বিষয়ক প্রাথমিক তথ্য সংবলিত ‘ABCD of Social Protection’-শীর্ষক পুস্তক প্রণয়ন করা হয়।

(১৪) সামাজিক নিরাপত্তা কৌশলের ওপর বিপিএটিসি-তে কর্মশালা আয়োজন করা হয়।

(১৫) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase 2 প্রকল্পের Medical Certification of Cause of Death (MCCOD), Verbal Autopsy(VA), Startup Mortality List সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়।

(১৬) ২২ এপ্রিল ২০১৮ তারিখে Open CRVS চালুকরণের নিমিত্ত একটি কর্মশালার আয়োজন করা হয়।

(১৭) রংপুর জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনা (রংপুরের চাঞ্চল্যকর জাপানি নাগরিক কুনিও হোসি হত্যা মামলা ও মাজারের খাদেম হত্যা মামলার পিপি জনাব রথীশ চন্দ্র ভৌমিক (বাবু সোনা)-এর নিখোঁজ হওয়া) সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) বগুড়া জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার (দুর্বৃত্ত কর্তৃক বগুড়া পাসপোর্ট অফিসের সহকারী পরিচালক জনাব শাহজাহান কবিরকে কুপিয়ে মারাত্মক জখম) প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা কর্তৃক খুলনা জেলা কারাগার পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) রোহিঙ্গাদের সেবা দিতে আসা আন্তর্জাতিক এনজিওদের অবাধ বিচরণ বন্ধ, রোহিঙ্গা সন্ত্রাসীদের গ্রেপ্তার ও দেশের সার্বিক কল্যাণে ক্যাম্পের সেবা কার্যক্রমে স্থানীয় এনজিওদের প্রাধান্য নিশ্চিতকরণে প্রদেয় স্মারকলিপি সংক্রান্ত বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/সমাজকল্যাণ মন্ত্রণালয়/জননিরাপত্তা বিভাগ; মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, শেরে বাংলা নগর, ঢাকা এবং জনাব এম. গফুর উদ্দিন চৌধুরী (গং), চেয়ারম্যান, পালংখালী ইউনিয়ন পরিষদ ও সদস্য সচিব, রোহিঙ্গা প্রত্যাবাসন সংগ্রাম কমিটি, উখিয়া, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) রোহিঙ্গাদের নৌকাযাগে মালয়েশিয়া বা অন্য কোন দেশে পাচার সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা; প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা; সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং সচিব, জননিরাপত্তা বিভাগ, বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ মামলা নিষ্পত্তিতে ধন্যবাদ জ্ঞাপন করে জেলা প্রশাসক, চট্টগ্রাম এবং তার মাধ্যমে সংশ্লিষ্ট গ্রাম আদালতের সভাপতি (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) পহেলা বৈশাখ ১৪২৫ ও বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে আইনশৃঙ্খলা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে ফেব্রুয়ারি ২০১৮ মাসে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(২৫) জেলা প্রশাসক, কুমিল্লার মোবাইল নম্বর ক্লোন করা সর্ম্পকে অবহিতকরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং চেয়ারম্যান বিটিআরসি, IEB ভবন, রমনা বরাবর প্রেরণ করা হয়।

(২৬) ফেনী জেলার ফুলগাজী উপজেলার ১নং ফুলগাজী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নিজ কার্যালয়ে জনৈক মহিলাকে ধর্ষণ ও পরবর্তীতে চেয়ারম্যানের গ্রেফতারের বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং সচিব জননিরাপত্তা বিভাগ/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৭) বাংলাদেশ পুলিশ সিটি স্পেশাল ব্রাঞ্চের গোপনীয় প্রতিবেদন (খুলনা জুট স্পিনার্স মিলস্ সিবিএ-ননসিবিএ দাবি আদায় কমিটির লাঠি মিছিল ও সমাবেশ) সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়/শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৮) রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের জেএম শাখা হতে আগ্নেয়াস্ত্রের ভূয়া লাইসেন্স ইস্যু সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ/জননিরাপত্তা বিভাগ এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(২৯) রাষ্ট্রাচার (Protocol) অনুসরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৩০) কোনাবাড়ী এলাকায় জেলখানা রোডের জুট গুদামসমূহে অগ্নিকান্ড সংঘটিত হওয়ার পরিপ্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/শিল্প মন্ত্রণালয়/শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(৩১) ২০১৮-১৯ অর্থ-বছরে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগের প্রাসঙ্গিক ও হালনাগাদ তথ্য-উপাত্ত সংবলিত প্রতিবেদন ০৪ এপ্রিল ২০১৮ তারিখে সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৩২) মাননীয় অর্থমন্ত্রীর ২০১৮-১৯ অর্থ-বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য ডিজিটাল বাংলাদেশ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ, এগুলির অগ্রগতি এবং আগামীর পরিকল্পনা ইত্যাদি বিষয়ক হালনাগাদ তথ্য ১১ এপ্রিল ২০১৮ তারিখে সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৩৩) নাটোরস্থ উত্তরা গণভবন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৭-১৮ অর্থ-বছরের বাজেটের '৪৮৯৯-অন্যান্য ব্যয়' উপখাতে বরাদ্দকৃত অর্থ থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কোয়ার্টারের জন্য বরাদ্দকৃত মোট ৩১,০৫,০০০.০০ টাকার অতিরিক্ত ১৫,৩২,০০০.০০ টাকা চতুর্থ কোয়ার্টারের ব্যয় নির্বাহের জন্য ১২ এপ্রিল ২০১৮ তারিখে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) ০১ এপ্রিল ২০১৮ তারিখে হংকংয়ে অনুষ্ঠিত চার জাতি জকি গার্লস ইন্টারন্যাশনাল ইয়ুথ কাপে স্বাগতিক হংকং-কে ৬-০ গোলে পরাজিত করে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এই ক্রীড়া নৈপুণ্যের জন্য দলের সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ০২ এপ্রিল ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ০৫ এপ্রিল ২০১৮ তারিখের প্রজ্ঞাপনে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৩৫) ২৮ মার্চ ২০১৮ তারিখে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট ড. নরেশ আগরওয়াল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতকালে মানবতার কল্যাণে বিশেষ করে রোহিঙ্গা জনগোষ্ঠীর সেবায় অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁকে 'মেডেল অব ডিসটিংকশন' সম্মাননা প্রদান করেন। লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'মেডেল অব ডিসটিংকশন' সম্মাননায় ভূষিত করার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০২ এপ্রিল ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ০৫ এপ্রিল ২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.১২৮ সংখ্যক প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৩৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরবে অনুষ্ঠেয় 'Gulf Shield 1'-শীর্ষক যৌথ সামরিক মহড়ার সমাপনী অনুষ্ঠানে যোগদান এবং যুক্তরাজ্যে অনুষ্ঠেয় ২৫তম কমনওয়েল্থ শীর্ষ সম্মেলনে অংশগ্রহণের লক্ষ্যে ১৫ এপ্রিল ২০১৮ তারিখ সরকারি সফরে দাম্মাম, সৌদি আরবের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৩৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত জনাব মোঃ আবদুল হামিদ ২৪ এপ্রিল ২০১৮ মঙ্গলবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪৮(১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি হিসাবে শপথ গ্রহণ করেন। এ সংক্রান্ত ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৮.১৫২ সংখ্যক প্রজ্ঞাপন ২৪ এপ্রিল ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৩৮) জনাব মোঃ আবদুল হামিদ ২৪ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ মঙ্গলবার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতির কার্যভার গ্রহণ করেন। এ সংক্রান্ত ০৪.০০.০০০০.৪২১.৮৪.০০১.১৮.১৫৩ সংখ্যক প্রজ্ঞাপন ২৪ এপ্রিল ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৩৯) ১৮ এপ্রিল ২০১৮ তারিখে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রিগণের রাষ্ট্রীয়/সরকারি কাজে বিদেশ গমন ও দেশে প্রত্যাগমনের সময় বিমানবন্দরে এবং দেশের অভ্যন্তরে সফরকালে অনুসরণীয় রাষ্ট্রাচার (Protocol) সংক্রান্ত নির্দেশাবলি সংশোধন করে জারি করা হয়।

(৪০) হাওর এলাকায় অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক বন্যার কারণ চিহ্নিতকরণ ও ভবিষ্যৎ করণীয় নির্ধারণে সুপারিশ প্রদানের লক্ষ্যে প্রণীত খসড়া প্রতিবেদনের ওপর মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পত্র প্রদান করা হয়।

(৪১) হাওর এলাকায় অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট আকস্মিক বন্যার কারণ চিহ্নিতকরণ ও ভবিষ্যৎ করণীয় নির্ধারণে সুপারিশ প্রদানের লক্ষ্যে প্রণীত খসড়া প্রতিবেদনের ওপর মন্ত্রিপরিষদ বিভাগের থিমেটিক গ্রুপের মতামত প্রদান করা হয়।

(৪২) 'একটি বাড়ি একটি খামার' প্রকল্পের আওতায় মাঠ সহকারী পদে নিয়োগের জন্য সকল জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।

(৪৩) 'মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়'-শীর্ষক প্রকল্পের জেলা ও উপজেলা মনিটরিং কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার-কে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি প্রদান করা হয়।

(৪৪) 'ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারি প্রোগ্রাম (সিসিএডিপি)'-শীর্ষক অপারেশন প্ল্যানের আওতায় Paid Peer Volunteers নিয়োগ কমিটিতে উপজেলা নির্বাহী অফিসার-কে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি প্রদান করা হয়।

(৪৫) 'নিঝুমদ্বীপ জাতীয় উদ্যান' রক্ষণাবেক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটিতে জেলা প্রশাসক, নোয়াখালী এবং উপজেলা নির্বাহী অফিসার, হাতিয়া, নোয়াখালী-কে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি প্রদান করা হয়।

(৪৬) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১১ এপ্রিল ২০১৮ তারিখ গণভবন হতে বিদ্যুৎ বিভাগ কর্তৃক বাস্তবায়িত কুশলী নামের একটি 'লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম' বা অনলাইন ট্রেনিং প্ল্যাটফর্ম নির্মাণ, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র এবং ১৫টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে উদ্বোধন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়।

(৪৭) বাংলা নববর্ষ ১৪২৫ উদ্‌যাপন সংক্রান্ত সকল জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।

(৪৮) মহান মে দিবস উদ্‌যাপন সংক্রান্ত সকল জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।

(৪৯) ঐতিহাসিক মুজিবনগর দিবস, ২০১৮ উদ্‌যাপন সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসকের নিকট প্রেরণ করা হয়।

(৫০) জাতীয় আইনগত সহায়তা দিবস উদ্‌যাপন সংক্রান্ত সকল জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।

(৫১) মার্চ দ্বিতীয় পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত প্রস্তাবের বিষয়ে সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয় এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৫২) এপ্রিল ১ম পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে গৃহীত প্রস্তাবের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৫৩) মাননীয় প্রধানমন্ত্রীর বাগেরহাট জেলা সফর সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, বাগেরহাটের নিকট প্রেরণ করা হয়।

(৫৪) মাননীয় প্রধানমন্ত্রীর রাজশাহী সফর সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, রাজশাহীর নিকট প্রেরণ করা হয়।

(৫৫) জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট সম্মেলন সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করা হয়।

(৫৬) প্রতিবন্ধী জনগোষ্ঠীর কল্যাণে প্রতিবন্ধী সংক্রান্ত সকল কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রদান করা হয়।

(৫৭) কক্সবাজার জেলার উখিয়া উপজেলাধীন ৫ নম্বর পালংখালী ইউনিয়েনের থাইংখালী রহমতের বিল এলজিইডি সড়কের বিটুমিনাস দ্বারা উন্নয়ন করার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৫৮) হবিগঞ্জ জেলার লাখাই উপজেলায় বহমান সুতাং নদী দূষণ রোধকল্পে সরেজমিন পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৫৯) মহান মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদের স্মরণে ৩০ লক্ষ বৃক্ষরোপণের জন্য সকল জেলা প্রশাসককে পত্র প্রদান করা হয়।

(৬০) BBIN MVA-এর অধীনে ঢাকা-কাঠমান্ডু রুটে ত্রিদেশীয় বাস ট্রায়াল রান পরিচালনার সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রদান করা হয়।

(৬১) এপ্রিল ২০১৮ মাসের চট্টগ্রাম জেলার ভূমি অধিগ্রহণ ও ভূমি সম্পর্কিত বিষয়াদি এবং অর্পিত সম্পত্তি সম্পৃক্ত বিষয়াদী নিয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়।

(৬২) কক্সবাজার জেলার ভূমি অধিগ্রহণ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়দি নিয়ে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়।

(৬৩) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত চট্টগ্রাম মহানগরের পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা (এপিএমবি) বোর্ডের আওতাধীন বাড়িসমূহের হালনাগাদ তথ্যাদি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়।

(৬৪) মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত চট্টগ্রাম বিভাগের ভূমি ব্যবস্থাপনায় ভূমি ব্যবস্থাপনায় গৃহীত উদ্ভাবনী (Innovative) উদ্যোগ সংক্রান্ত সভার কার্যবিবরণী এবং সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়।

(৬৫) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী এপ্রিল ২০১৮ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন মামলায় ০৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়। এ ছাড়া ৩২ জনের বিষয়ে দুর্নীতি দমন কমিশন কর্তৃক অনুসন্ধানে অপরাধ প্রমাণিত না হওয়ায় নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নির্দেশনা প্রদান করা হয়। এ ছাড়া একজন কর্মকর্তাকে মহাপরিচালক পদে এবং একজন কর্মকর্তাকে পরিচালক পদে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৬৬) বিভিন্ন আইনে ১৫জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৬৭) জনাব মোঃ আব্দুল বারিক, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৪ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ ঝিনাইদহ জেলা; জনাব মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী, উপসচিব মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখে সিলেট জেলার জৈন্তাপুর উপজেলা; জনাব মোহাম্মদ জাহেদুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলা; জনাব মুহাম্মদ মুতাসিমুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২২ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে দিনাজপুর জেলার ফুলবাড়ি উপজেলা; এবং জেলা প্রশাসক, খুলনা কর্তৃক ০৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় রাত্রিযাপন করে দাখিলকৃত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(৬৮) বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণের বিভিন্ন জেলা সফরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে পত্র দেওয়া হয়।

(৬৯) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৫জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার বিষয়টি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৭০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলা প্রশাসক সম্মেলন ২০১৭-এর গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে এপ্রিল ২০১৮ মাসে ২০টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

গ. আগামী (মে-জুন) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা এবং জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮৭তম সভা অনুষ্ঠান।

(8) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase-2 প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন।

(৫) সিআরভিএস বাস্তবায়নের সাথে জড়িত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট আইন সমূহের অসংগতি দূর করার লক্ষ্যে কর্মশালার আয়োজন।

(৬) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির ১২তম সভা আয়োজন।

(৭) 'সামাজিক নিরাপত্তা কৌশল'-এর কর্মপরিকল্পনা সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের জন্য অবহিতকরণ সভা আয়োজন।

(৮) ওয়ার্ল্ড ফুড প্রোগ্রামের সহযোগিতায় পুষ্টি মান উন্নয়ন সংক্রান্ত কারিগরি সহায়তা প্রকল্পের টিপিপি প্রণয়ন।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd